

উদাস দুপুর বেলা সখি Lyrics:-

উদাস দুপুর বেলা সখি
আসবে কি একলা নদীর ঘাটে রে,
দেখতে তোমায় মন চাইছে
ও কি দেখতে তোমায় মন চাইছে।। (x2)

একবার যদি আসো সখি
জল ভরিবার ছলে ..
মনের কথা বলবো তোমায়
বসে কদম তলে,
মনের কথা বলবো তোমায়
বসে কদম তলে।

তুমি সকল দুঃখ ভুলে যেও
চোখের পানে চেয়ে,
তুমি সকল দুঃখ ভুলে যেও
চোখের পানে চেয়ে,
আর শক্ত কইরা ধরিয়ে হাত
ছাইড়া যাইবার ভয়ে,
দেখতে তোমায় মন চাইছে
ও কি দেখতে তোমায় মন চাইছে।

উদাস দুপুর বেলা সখি
আসবে কি একেলা নদীর ঘাটে রে,
দেখতে তোমায় মন চাইছে
ও কি দেখতে তোমায় মন চাইছে।।

আর না জানি মুই লিখতে চিঠি
না জানি মুই পড়তে ..
বাঁশির সুরে ডাকি তোমায়
আসো না গো ছুটে,
বাঁশির সুরে ডাকি তোমায়
আসো না গো ছুটে।

উথাল পাথাল নদীর চেউয়ে
বুকে জোয়ার ভাটা চলে,
উথাল পাথাল নদীর চেউয়ে
বুকে জোয়ার ভাটা চলে,
চেয়ে তোমার পানে,
দেখতে তোমায় মন চাইছে
ওকি দেখতে তোমায় মন চাইছে।

উদাস দুপুর বেলা সখি
আসবে কি একলা নদীর ঘাটে রে,
দেখতে তোমায় মন চাইছে
ওকি দেখতে তোমায় মন চাইছে।।